**B.A. BENGALI BNGA-Major**

**Program Specific Outcome (PSO):**

**PSO 1 :** স্নাতকস্তরে 'বাংলা ভাষা ও সাহিত্য'-এর সম্পূর্ণ Programme-টি শিক্ষণে বিদ্যার্থীরা যখন সাফল্য অর্জন করে তখন তাদের বাচনিক বাংলা, লেখারভাষা এবং পাঠরুচি অনেকখানি উন্নত হয়ে ওঠে।

**PSO 2 :** এই programme-টি শেষ করার পর বাংলা সাহিত্য এবং বাংলা ভাষাতত্ত্বের জ্ঞানকে প্রকাশ করার ক্ষমতা বৃদ্ধি পায়।

**PSO 3 :** এই programme-টি থেকে শিক্ষার্থীরা সাহিত্যের বিভিন্ন সংরূপকে পৃথকীকরণ করতে শিখবে সেইসঙ্গে প্রতিটি সংরূপের আঙ্গিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক প্রেক্ষাপট সম্বন্ধে সচেতন হয়ে উঠবে।

**PSO 4 :** এই programme-টি থেকে শিক্ষার্থীরা সাহিত্যের নানা সংরূপকে বিশ্লেষণ করতে, সমালোচনা করতে শিখবে।তাদের প্রকাশভঙ্গি, লিখনভঙ্গিও বিশ্লেষণাত্মক হয়ে উঠবে।

**PSO 5 :** বিভিন্ন সমালোচনা, বিশ্লেষণের সঙ্গে পরিচিত হয়ে শিক্ষার্থীরা শিখবে কোনও সাহিত্যপাঠকে কিভাবে পুনঃপাঠ প্রক্রিয়ায় প্রয়োগ করা যায়।

**PSO 6 :** এই programme শিক্ষার্থীদের শুধু সাহিত্যের সৌন্দর্যবোধ সম্পর্কে অবহিত করতে নয়, সেই সঙ্গে সামাজিক নীতিবোধ, সাংস্কৃতিক রুচিবোধ, যুক্তিপূর্ণ বিশ্লেষণী মানসিকতা গড়ে তুলবে।

**PSO 7 :** এই programme চার ধরনের ভাষাগত দক্ষতা তৈরী করবে—বাংলাভাষা সঠিকভাবে শোনা, শুদ্ধ বাংলা বলা, সঠিকভাবে বাংলা পড়া এবং সঠিক বাংলা লেখা।

**PSO 8 :** বিভিন্ন যুগের সাহিত্যিক আন্দোলন, সাংস্কৃতিক আন্দোলনের পাঠ শিক্ষার্থীদের মন ও মেধাকে পরিণত করবে।

**PSO 9 :** বাংলা ভাষা ও সাহিত্যের যুগবাহিত ধারাবাহিকতা শিক্ষার্থীদের ভাষা ও সাহিত্যের বিবর্তন সম্বন্ধে যেমন অবহিত করবে সেইসঙ্গে সমকালের সঙ্গে তুলনামূলক পর্যালোচনার দক্ষতাও শিক্ষার্থীদের গড়ে উঠবে।

**PSO 10 :** বাংলা মুদ্রণ, প্রকাশনা, অনুবাদ, গ্রন্থ সমালোচনা, কনটেন্ট রাইটিং ইত্যাদি প্রয়োজনীয় ব্যাবহারিক এবং পেশাভিত্তিক বিষয়গুলি সম্পর্কে এই programme থেকে শিক্ষার্থীরা শিখে ভবিষ্যত জীবনে কাজে লাগাতে পারে।

**PSO 11** সর্বোপরি ধ্রুপদী সাহিত্য, জনপ্রিয় সাহিত্য, সমকালীন সাহিত্য এবং তার সঙ্গে মুদ্রিত, ইলেকট্রনিক্স, ডিজিট্যাল-গণমাধ্যম এবং আধুনিক সমাজমাধ্যমের সম্পর্ক নিয়েও শিক্ষার্থীরা সচেতন হবে। এইসব প্রাপ্তি থেকে নিশ্চিতভাবে বলা যায় যে, স্নাতকস্তরে আগামীদিনেও শিক্ষার্থীদের কাজে এই programme-টির গ্রহণযোগ্যতা সক্রিয় থাকবে।

Program Learning Outcome (POs) in B.A. BNGA-Major

**শিক্ষার্থীরা স্নাতকস্তরের বাংলা ভাষা ও সাহিত্যের পাঠ্যক্রম থেকে নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে অবহিত হবে ঃ**

PO.1 শিক্ষার্থীদের বাংলা সাহিত্যের আদি, মধ্য ও আধুনিক যুগ সম্পর্কে জানার পাশাপাশি সাহিত্যের রাজনৈতিক, সাংস্কৃতিক এবং আর্থসামাজিক প্রেক্ষাপট সম্পর্কে ধারণা হয়।

PO.2 বাংলা সাহিত্যের আদি, মধ্যযুগের ধর্মীয় পটভূমি সম্পর্কে জানে।

PO.3 সমায়ানুক্রমিক সাহিত্যের ইতিহাসের অনুশীলনে সমাজ জীবনের ধারাবাহিক বিবর্তন সম্পর্কে সচেতন হয়ে উঠবে।

PO.4 বাংলা ভাষা এবং বর্ণনামূলক ভাষাবিজ্ঞান সম্পর্কে শিক্ষার্থীরা বিস্তৃত জ্ঞান অর্জন করে।

PO.5 বিবিধ প্রেক্ষিতে বাংলা সাহিত্যের বিভিন্ন রচনার মাধ্যমে সমাজে নারীর অবস্থান সম্বন্ধে জানবে।

PO.6 পাঠ্য বিষয়গুলির মাধ্যমে শিক্ষার্থীরা মানবিক সম্পর্ক এবং নারী-পুরুষের মনোজগৎ সম্বন্ধে অবহিত হবে।

PO.7 পাঠ্য রচনাগুলির মধ্যে মানব চরিত্র  ও মনস্তাত্ত্বিক ক্রিয়া-প্রতিক্রিয়ার বিশ্লেষণ একটি গুরুত্বপূর্ণ বিষয়।

PO.8 বিভিন্ন সামাজিক-রাজনৈতিক আন্দোলন যেমন সাহিত্যকে প্রভাবিত করে তেমনই সাহিত্যর দ্বারা সমাজ-রাজনীতিও প্রভাবিত হয়। পাঠ্য সাহিত্যের মাধ্যমে শিক্ষার্থীরা  বিভিন্ন সামাজিক আন্দোলনের সম্পর্কে জানতে পারে।

PO.9 বাংলা ভাষার শব্দ ভাণ্ডার, উপভাষা এবং ব্যাকরণ সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারে।

PO.10 সাহিত্যিকদের জীবনদর্শন, রচনা-শৈলী, বিষয়-ভাবনার কালক্রমিক বিকাশ ও বিবর্তনের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় হয়।

PO.11 মুদ্রণ ও প্রকাশনা সম্পর্কে সাধারণ জ্ঞান অর্জন করে পড়ুয়ারা।

PO.12 অনুবাদ, গ্রন্থ সমালোচনা, কনটেন্ট রাইটিং এবং ডায়েরি লেখা ইত্যাদি পেশা ভিত্তিক বিষয়গুলি সম্পর্কে পড়ুয়াদের ব্যবহারিক ধারণা তৈরি হয় ।

Core Course for B.A.Bengali- Major / Minor

| S.No | POs | CC1 | CC2 |
|---|---|---|---|
| 1 | PO1 | | |
| 2 | PO2 | | |
| 3 | PO3 | | |
| 4 | PO4 | | |
| 5 | PO5 | √ | √ |
| 6 | PO6 | √ | √ |
| 7 | PO7 | √ | √ |
| 8 | PO8 | √ | √ |
| 9 | PO9 | | |
| 10 | PO10 | | |
| 11 | PO11 | | |
| 12 | PO12 | | |

Core Course for B.A. Bengali-H( IDC )

| S.No | POs | CC1 | CC2 |
|---|---|---|---|
| 1 | PO1 | | |
| 2 | PO2 | | |
| 3 | PO3 | | |
| 4 | PO4 | | |
| 5 | PO5 | √ | √ |
| 6 | PO6 | √ | √ |
| 7 | PO7 | √ | √ |
| 8 | PO8 | √ | √ |
| 9 | PO9 | | |
| 10 | PO10 | | |
| 11 | PO11 | | |
| 12 | PO12 | | |

Core Course for B.A. Bengali-H ( SEC )

| S.No | POs | CC1 | CC2 |
|---|---|---|---|
| 1 | PO1 | | |
| 2 | PO2 | | |
| 3 | PO3 | | |
| 4 | PO4 | | |
| 5 | PO5 | | |
| 6 | PO6 | | |
| 7 | PO7 | | |
| 8 | PO8 | | |
| 9 | PO9 | | |
| 10 | PO10 | | |
| 11 | PO11 | √ | √ |
| 12 | PO 12 | √ | √ |

## BNG-H/MIN-CC-1-1-TH-TU

**বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০)**

**(Credit-4)**

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলা ভাষা ও সাহিত্যের উদ্ভবের সময় থেকে ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত বাংলা সাহিত্যের বিভিন্ন ধারার সঙ্গে শিক্ষার্থীদের পরিচিতি ঘটানো এই পাঠের উদ্দেশ্য।

২। বাংলা সাহিত্যের যুগবিভাগ সম্পর্কিত বিতর্ক ও সমাধান বিষয়ে আলোচনা।

৩। আদি ও মধ্যযুগের রাজনৈতিক, আর্থ-সামাজিক ও ধর্মীয় পটভূমি সম্পর্কে ধারণা।

৪। উপরোক্ত ধারণার ওপর ভিত্তি করে এই পর্বের সাহিত্যের বিবর্তন ও বিকাশ সম্পর্কে জ্ঞান লাভ।

৫। মধ্যযুগের সাহিত্য ও সংস্কৃতিতে চৈতন্যদেবের প্রভাব বিষয়ে অবহিত হবে।

## BNG-H/MIN-CC-2-2-TH-TU

**বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলাভাষা**

**(Credit-4)**

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। এই কোর্স থেকে বাংলা ভাষাতত্ত্ব ও ধ্বনিতত্ত্ব সম্পর্কের ধারণা লাভ করবে ছাত্রীরা।

২। ভাষার প্রাথমিক ধারণা অর্থাৎ ধ্বনি, বর্ণ, অক্ষরের সংজ্ঞা ও পারস্পরিক সম্পর্ক বিষয়ে বিশদ ধারণা লাভ করবে ছাত্রীরা।

৩। বাংলা শব্দভাণ্ডার বিষয়ে বিশদ জ্ঞান লাভ করবে।

৪। ধ্বনি পরিবর্তনের ধারা, শব্দার্থ পরিবর্তনের ধারা বিষয়ে সম্যক ধারণা লাভ করবে।

৫। বাংলা উপভাষা বিষয়ে ধারণা।

৬। বাংলা ভাষার রূপতাত্ত্বিক আলোচনা অর্থাৎ ব্যাকরণ বিষয়ক আলোচনা ভাষার ভিত দৃঢ় করবে।

## BNG-H-IDC-1-1/2-TH-TU

**কথা সাহিত্য ও নাটক**
(Credit-3)

## Course learning outcomes (COs)

**এই কোর্সটি থেকে শিক্ষার্থীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। এই কোর্সে যে সাহিত্যকর্মগুলি পাঠ্য সেগুলি ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিদ্যা, অর্থনীতি ও দর্শন বিভাগের শিক্ষার পরিপূরক হয়ে উঠবে।
২। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস, রবীন্দ্রনাথের ছোটগল্প এবং স্বাধীনতা-উত্তর ছোটগল্পে সমাজতত্ত্ব, স্বাধীনতা-পূর্ব ও উত্তর ভারতীয় অর্থনীতি এবং নারীমনস্তত্ত্ব সম্বন্ধে এই কোর্সের মাধ্যমে ছাত্রীরা জানবে।
৩। গণনাট্য আন্দোলন এবং তার সূচক পাঠ্য নাটক নবান্ন ছাত্রীদের বাংলা থিয়েটারের সম্বন্ধে জানতে সাহায্য করবে।

## BNG-H-SEC-1-1/2-TH-TU

**মুদ্রণ ও প্রকাশনা**
(Credit-4)

## Course learning outcomes (COs)

**এই কোর্সটি থেকে শিক্ষার্থীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলা মুদ্রণ ও প্রকাশনা সংক্রান্ত সাধারণ পেশাদার জ্ঞনার্জন করবে পড়ুয়ারা।
২। পাণ্ডুলিপি প্রস্তুত করা, সংগ্রহ, সম্পাদনা ও সংকলন সম্বন্ধে শিখবে ছাত্রীরা।
৩। কভার, টাইটেল পেজ, গ্রন্থ/ পত্রিকার পঞ্জিকরণ প্রস্তুতি শিখবে।

<u>BNG-H-SEC-2-2-TH-TU</u>

**ব্যবহারিক বাংলা–১**

(Credit-4)

## Course learning outcomes (COs)

**এই কোর্সটি থেকে শিক্ষার্থীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। চিঠিপত্র লেখার মতো অতি প্রয়োজনীয় ব্যবহারিক বিষয়ে শিক্ষার্থীরা জ্ঞানার্জন করবে।
২। অনুবাদ, গ্রন্থসমালোচনা এবং কনটেন্ট রাইটিং-এর মতো পেশাভিত্তিক বিষয়গুলি সম্বন্ধে ছাত্রীদের ধারণা হবে।
৩। দিনপঞ্জি, রচনা, ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করাও শিখবে ছাত্রীরা।